মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬৩০৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৫৯৯ তারিখ: ১২-০৪-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২১-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৩৮১৬)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মণিরামপুর উপজেলাধীন হাটগাছা মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব মনোজ মন্ডল একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২-০৪-২০২২
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
02477762705

জেলা শিক্ষা অফিসার
যশোর।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৬৩০৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৫৯৯ (৬) তারিখ: ১২-০৪-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, যশোর।
২। উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মণিরামপুর, যশোর।
৪। প্রধান শিক্ষক, হাটগাছা মাধ্যমিক বিদ্যালয়, মশিয়াহাটী, মণিরামপুর, যশোর।
৫। অভিযোগকারী, জনাব মনোজ মন্ডল (০১৭২৯-১২৬৯৩২), হাটগাছা, মশিয়াহাটী,, মণিরামপুর, যশোর।
৬। অফিস নথি।

১২-০৪-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
02477762705

বরাবর

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়: হাটগাছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে ৩জন অভিভাবক, ৩জন শিক্ষক ও ২জন দাতাকে ভোটার তালিকা থেকে বাদ দেয়ার অভিযোগ।

জনাব,

যথা বিহিত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, হাটাগাছা মাধ্যমিক বিদ্যালয় (EIIN NO:116183) উপজেলা: মণিরামপুর, জেলা: যশোর এর ম্যানেজিং কমিটি গঠন-২০২১ এর লক্ষ্যে প্রধান শিক্ষক এর বিরুদ্ধে ৩জন অভিভাবক, ৩জন শিক্ষক ও ২জন দাতাকে ভোটার তালিকা থেকে বাদ দেয়ার অভিযোগ। বাদ যাওয়া অভিভাবকরা হলেন:- ৯ম শ্রেণির ছাত্র ইব্রাহীম খলিল (স্টুডেন্ট আইডি: ৪৫৪৬৪৯০) এর পিতা রিয়াজুল ইসলাম, ৮ম শ্রেণির ছাত্র তুহিন মোল্যা (স্টুডেন্ট আইডি: ৪৫৫৩৬৯০) এর পিতা মোঃ ইব্রাহীম মোল্যা, ৬ষ্ঠ শ্রেণির ছাত্র সিয়াম আহম্মেদ (স্টুডেন্ট আইডি: ৪৫৪৬৪৯০) এর পিতা মো. ফিরোজ আহম্মেদ। এসব ছাত্ররা ২০২১ সালের বার্ষিক পরীক্ষায় অংশ গ্রহণ করে পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে। হাজিরা খাতায় এসব ছাত্রদের নাম আছে।

এছাড়া ভোটার তালিকা থেকে বাদ যাওয়া ৩জন সহকারি শিক্ষক হলেন:- কম্পিউটার শিক্ষক রনজিত মন্ডল, সহকারি শিক্ষক অনিমেষ টিকাদার ও মো: আব্দুল লতিফ। এ ৩জন শিক্ষক ২০04 সাল থেকে নিয়োগপ্রাপ্ত। শুধু তাই নয় স্থায়ী দাতা হওয়ার নির্দিষ্ট পরিমান জমিদান করেও সুদীপ্ত সাধু ও বিমল কৃষ্ণ মন্ডলকে দাতা সদস্য থেকে নাম বাদ দেওয়া হয়েছে। অভিভাবকরা আমার কাছে লিখিত অভিযোগ করেছেন, আর বাদ যাওয়া শিক্ষকরা ও দাতা সদস্যরা আমার কাছে মৌখিকভাবে অভিযোগ করেছেন।

অতএব জনাবের নিকট আকুল আবেদন এই যে, অনুগ্রহ পূর্বক বিষয়টি তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে আপনার একান্ত মর্জি হয়।

আপনার বিশ্বস্ত

মনোজ মন্ডল ২০/০৩/২

মনোজ মন্ডল

তারিখ: ২০/৩/২০২২

পিতা: মৃত: কালিপদ মন্ডল

গ্রাম: হাটগাছা, ডাক: মশিয়াহাটী

মণিরামাপুর, যশোর।

মোবাইল নং ০১৭২৯১২৬৯৩২

মনোজ মন্ডল
সভাপতি
হাটগাছা মাধ্যমিক বিদ্যালয়
ডাক-মশিয়াহাটী, মনিরামপুর, যশোর।